| স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ<br>শেখ হাসিনার বাংলাদেশ |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ
ওয়েব সাইট : www.rdobarishal.gov.bd

| একটাই লক্ষ্য<br>হতে হবে দক্ষ |
|---|

স্মারক নং ঃ ৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৫৭.২৩-১১৭৭ তারিখ ঃ ১৩/১২/২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগের আওতাধীন শিক্ষার্থীদের উপবৃত্তির ডাটা এন্ট্রি ও যাচাই বাছাই সংক্রান্ত আঞ্চলিক কমিটির সভার রেজুলেশন।**

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন,উপসচিব, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ।
তারিখ ও সময় : ১৩/১২/২০২৩ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা
স্থান ঃ পরিচালকের সভাকক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ।

সভাপতি উপস্থিত সকলকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, বাংলাদেশের কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও গুণগত মানোন্নয়ন বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। এই উদ্দেশ্য সফলভাবে অর্জন করার জন্য বর্তমান সরকার কারিগরি শিক্ষার্থীদের মধ্যে ১০০% ছাত্রী ও ৭০% মেধাবী ও অসচ্ছল ছাত্রদের বাৎসরিক উপবৃত্তি ও শিক্ষা সহায়তা ভাতা প্রদান করছেন। ছাত্র-ছাত্রীরা যাতে সহজে ও বিড়ম্বনা ছাড়া সরকার প্রদত্ত উপবৃত্তি ও শিক্ষা সহায়তা ভাতা পেতে পারে সেজন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর MIS সফটওয়্যার তৈরি করেছে। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অত্যন্ত যত্নশীল ও মনোযোগ সহকারে ছাত্র-ছাত্রীদের ডাটা নির্ভুলভাবে এন্ট্রি করার উপর সভাপতি গুরুত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব প্রকৌশলী মোঃ আরিফুর রহমান, সহকারী আঞ্চলিক পরিদর্শক, পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগ, কারিগরি শিক্ষা অধিদপ্তর ঢাকা থেকে প্রেরিত ১৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২৩-১৮৩ নং স্মারকের পত্রের আলোকে DTE MIS এ ২০২৩-২৪ অর্থবছরে উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট বিষয়ে আলোকপাত করেন।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা -২০২০ এর ম্যানুয়েল, অনুচ্ছেদ ৬ এ উল্লেখিত উপবৃত্তি প্রাপ্তির যোগ্যতা যথাযথ অনুসরণ পূর্বক প্রাপ্ত ডাটা যাচাই বাছাই করে অনুমোদনের বিষয়ে আলোচনা হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা/পর্যালোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির ২০২৩ শিক্ষাবর্ষের জুলাই-ডিসেম্বর/২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/ আপডেট | বরিশাল বিভাগের ১০টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের এন্ট্রি ও আপডেটকৃত প্রেরিত তথ্য রেজুলেশনসহ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগে প্রেরণ ও MIS Software এ আপলোড হয়েছে সেগুলো সঠিকভাবে যাচাই-বাছাই করার বিষয়ে আলোচনা করা হয় এবং সঠিক ও নির্ভুলগুলো কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকায় পাঠানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের এন্ট্রিকৃত ডাটা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২. | নবম-দশম শ্রেণির জুলাই-ডিসেম্বর /২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/আপডেট | বরিশাল বিভাগের ১০টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং এসএসসি(ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল) প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের এন্ট্রি ও আপডেটকৃত প্রেরিত তথ্য রেজুলেশনসহ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগে প্রেরণ ও MIS Software এ আপলোড হয়েছে সেগুলো সঠিকভাবে যাচাই-বাছাই করার বিষয়ে আলোচনা করা হয় এবং সঠিক ও নির্ভুলগুলো কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকায় পাঠানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সর্বসম্মতিক্রমে ৯ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থীদের এন্ট্রিকৃত ডাটা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩. | একাদশ শ্রেণির ২০২৩ শিক্ষাবর্ষের জুলাই-ডিসেম্বর/২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/ আপডেট | বরিশাল বিভাগের ১০টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং এইচএসসি(ভোকেশনাল) প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের এন্ট্রি ও আপডেটকৃত প্রেরিত তথ্য রেজুলেশনসহ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগে প্রেরণ ও MIS Software এ আপলোড হয়েছে সেগুলো সঠিকভাবে যাচাই-বাছাই করার বিষয়ে আলোচনা করা হয় এবং সঠিক ও নির্ভুলগুলো কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকায় পাঠানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সর্বসম্মতিক্রমে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের এন্ট্রিকৃত ডাটা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪. | ডিপ্লোমা ১ম পর্ব (২০২৩-২৪) শিক্ষাবর্ষের জুলাই-ডিসেম্বর/২০২৩ এবং | বরিশাল বিভাগের ০৪(চার)টি সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এবং ডিপ্লোমা শিক্ষাক্রম পরিচালনাকারী অন্যান্য সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিকৃত ডিপ্লোমা ১ম, ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের শিক্ষার্থীদের তথ্য বিস্তারিত আলোচনা শেষে যেসকল প্রতিষ্ঠান থেকে সঠিক ও নির্ভূলভাবে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের তথ্য রেজুলেশনসহ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগে প্রেরণ ও MIS Software এ | সর্বসম্মতিক্রমে ডিপ্লোমা ১ম, ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের শিক্ষার্থীদের এন্ট্রিকৃত ডাটা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | ডিপ্লোমা ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের জানুয়ারী-জুন/২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি ও আপডেট | আপলোড হয়েছে সেগুলো অনুমোদন সাপেক্ষে কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণের বিষয়ে উপস্থিত সকল সদস্য মতামত দেন। | উপবৃত্তির তথ্য এন্ট্রির সময় শিক্ষার্থীদের পাওয়া যায় না বিধায় ভর্তির সময় SAF পূরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫. | বিবিধ | ১। বরিশাল পলিটেকনিক হতে একাদশ শ্রেণির ২টি ডাটা, ভোলা পলিটেকনিক হতে দ্বাদশ শ্রেণির ০১ জন, বরগুনা পলিটেকনিক হতে দ্বাদশ শ্রেণির ০১ জন, বাহার কৃষি কলেজ হতে দ্বাদশ শ্রেণির ০১ জন, বরগুনা টিএসসি হতে দ্বাদশ শ্রেণির ০৬ জন, পিরোজপুর টিএসসি হতে দ্বাদশ শ্রেণির ০৩ জন, বাশবাড়ীয়া টেকনিক্যাল এন্ড ভোকেশনাল স্কুল হতে ষষ্ঠ শ্রেণির ০১ জন, সপ্তম শ্রেণির ০১ জন ও অষ্টম শ্রেণির ০৩ জন, কাচিপাড়া মাধ্যমিক বিদ্যালয় হতে অষ্টম শ্রেণির ০১ জন, লালুয়া জনতা মাধ্যমিক বিদ্যালয় হতে অষ্টম শ্রেণির ০১ জন এবং পটুয়াখালী কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট হতে সপ্তম শ্রেণির ০১ জন শিক্ষার্থীর ডাটা এন্ট্রি করে অনুমোদনের জন্য যে ডাটা প্রেরণ করেছেন সে বিষয়ে আলোচনা করা হয়।<br><br>২। বিভিন্ন প্রতিষ্ঠান হতে ৩য়, ৫ম ও ৭ম পর্বের কিছু ডাটা প্রেরণ করা হয়েছে। কারিগরি শিক্ষা অধিদপ্তর ঢাকা থেকে প্রেরিত ১৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২৩-১৮৩ নং স্বারকের পত্রের আলোকে উক্ত পর্বের ডাটা এন্ট্রির অনুমোদনের নির্দেশ না থাকায় অনুমোদন করা যাবে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়।<br><br>৩। যে সকল প্রতিষ্ঠান হতে রেজুলেশন পাওয়া যায়নি এবং DTE MIS Software এ রেজুলেশন আপলোড করেনি এবং পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগ-এ রেজুলেশন ডাক/ই-মেইল যোগে প্রেরণ করেনি সেসকল প্রতিষ্ঠান কে ব্যাখ্যা প্রদানের নোটিশ পাঠানো হবে কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৪। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগ এ অনুমোদনের জন্য প্রদত্ত তথ্য সঠিকভাবে যাচাই বাছাই করে বরিশাল বিভাগে মোট কতজন শিক্ষার্থীর ডাটা অনুমোদন করা যেতে পারে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। দ্বাদশ শ্রেণি ও কারিকুলাম বহির্ভূত শিক্ষার্থীদের ডাটা ফেরত প্রদান এবং তা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ৩য়, ৫ম ও ৭ম পর্বের ডাটা এন্ট্রির অনুমোদন না থাকায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। রেজুলেশন আপলোড ও প্রেরণ করেনি সেসকল প্রতিষ্ঠান কে ব্যাখ্যা প্রদানের নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগ মোট ৫৪২৩ জন শিক্ষার্থীর ডাটা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ ইসরাইল হোসেন)
উপসচিব
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং ঃ ৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৫৭.২৩-১১৭৭(৯)  তারিখ ঃ ১৩/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, করিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অধ্যক্ষ, বরিশাল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল।
৫। অধ্যক্ষ, বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বরিশাল।
৬। অধ্যক্ষ, আইডিয়াল পলিটেকনিক ইন্সটিটিউট, বরিশাল।
৭। প্রধান শিক্ষক, এ ওয়াহেদ মাধ্যমিক বিদ্যালয়, রুপাতলী, বরিশাল।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই সিটি সেল, অত্র দপ্তর (পত্র খানা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৯। সংরক্ষণ নথি।

13.12.2023

(মোঃ ইসরাইল হোসেন)
উপসচিব
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ।
ই-মেইল: rdbarishal@gmail.com
ফোন: ০২৪৭৮৮৩০২১৪